www.kidworship.kr

# শিরোনাম: পিতর
## (পঙ্গু ভিক্ষুককে সুস্থ করেন)
## Peter



103Page

একদিন, প্রার্থনার সময় পিতর ও যোহন উপাসনালয়ের দিকে যাচ্ছিলেন|
উপাসনালয়ের ফটকে তারা একজন পঙ্গু দেখল| সে জন্ম থেকে পঙ্গু ছিলেন এবং কখনো হাটতে পারেন নি|

---



104Page

প্রত্যেকদিন, সে সমাজগৃহে প্রবেশকারীদের কাঝে ভিক্ষা চাইতেন|
যখন সে পিতর ও যোহনকে দেখলেন তারা উপাসনালয়ের গৃহে প্রবেশ করছে, সে তাদের কাছে টাকা চাইল|
"দয়া করে সাহায্য করুন|"

---



105Page

কিন্তু পিতর ও যোহনের কাছে কোন টাকা ছিল না|
"দেখ আমাদেরকে!"
পঙ্গু ভিক্ষুকটি পিতর ও যোহনের দিকে তাকাল|
পিতর বলল:
"সোনা বা রূপা, আমার কাছে কিছুই নাই, কিন্তু আমার যা আছে আমি তা তোমাকে দেব|"
পঙ্গু ভিক্ষুটি তাদের কাছে কিছু পাওয়ার আশায় তার হাতটি বাড়িয়ে দিল|

---



106Page

পিতর পঙ্গ ভিক্ষুকটিকে বললেন, "নাসরতীয় যীশু খ্রীষ্টের নামে, হাট!"
পিতর তার ডান হাত দিয়ে ধরে পঙ্গু ভিক্ষুকটিকে উঠতে সাহায্য করল|

---



107Page

মুহুর্তের মধ্যে, পঙ্গু ভিক্ষুকটির পায়ের পাতা ও গোড়ালি মজবুত হয়ে গেল| সে লাফ দিয়ে তার পায়ে দাঁড়াল এবং হাটা শুরু করল| সে খুব আনন্দি হল; সে জানত না কি করবে| সে হাটতে হাটতে, লাফাতে লাফাতে ঈশ্বরের প্রশংসা করল এবং সে পিতর ও যোহনকে অনুসরণ করে সমাজগৃহের ভেতরে গেল|

---



108Page

যখন লোকেরা তাকে হাটতে ও ঈশ্বরের প্রশংসা করতে দেখল, তারা তাকে চিনতে পেরেছিল যে ওনি সেই ব্যক্তি যে কিনা সমাজগৃহের ফটকের সামনে বসে ভিক্ষা করত|
"এই কি সেই পঙ্গু ভিক্ষক নয় যিনি সমাজগৃহের ফটকের সামনে বসে ভিক্ষা করত?"
"ঠিক, ইনি সেই ব্যক্তি! আমি বুঝলাম না কি হয়েছিল|"
সকলেই আশ্চর্যানিত ও অবাক হলেন এবং নিজেদের মধ্যে বলাবলি করতে লাগলেন|
ভিক্ষুকটি পিতর ও যোহনকে অনুসরণ করল, চিৎকার করে বলতে লাগল,
"এই লোকেরা আমার পা সুস্থ করে দিয়েছে!"

লোকেরা পিতর ও যোহনকে দেখার জন্য ভিড় করল। পিতর লোকদেরকে বলল;
"শোন, আমরা এই লোককে সুস্থ করিনি। আমরা ঠিক আপনার মতই সাধারণ লোক।
ঈশ্বরের পুত্র, যীশু খ্রীষ্ট এই লোকটিকে সুস্থ করেছেন!"
পিতর সকলকে উৎসাহ দিলেন যেস তারা পাপ থেকে মন ফিরায় ও ঈশ্বরকে বিশ্বাস করে।

---


109Page

যীশুর শিষ্যরা লোকদের কাছে যে প্রচার করছিলেন সেই বিষয়ে পুরোহিতেরা ও শাসকেরা, প্রাচীনেরা ও ধর্ম শিক্ষকেরা তাদের সমালোচনা করলেন। তারা খুবই বিরক্ত হলেন কারণ শিষ্যরা যীশুর পুনরুত্থান ও যীশুর সম্পর্কে লোকদের শিক্ষা দিচ্ছিলেন।
তারা পিতর ও যোনকে আটক করে জেলে নিয়ে গেল।

---

পরের দিন, পিতর ও যোহনকে মহাসভায় নিয়ে আসল।
পুরোহিতেরা ও শাসকেরা, প্রাচীনেরা ও ধর্ম শিক্ষকেরা তাদেরকে জিজ্ঞাসাবাদ করল।
"কোন শক্তিতে বা কি নামে তোমরা যীশুর সম্পর্কে শিক্ষা দিচ্ছ?"
"ইনি সেই যীশু যার সম্পর্কে আমি প্রচার করি। যীশু খ্রীষ্টই যিনি লোকটিকে সুস্থ করে-ছিল।"
পিতর সাহসীকভাবে বললেন।
"তোমরা আর কখনো যীশুর সম্পর্কে বলতে পারবে না। যদি আমাদের বাধ্য না হও, তোমরা অনেক বড় সমস্যায় পড়বে!"
পুরোহিতেরা ও শাসকেরা, প্রাচীনেরা ও ধর্ম শিক্ষকেরা তাদেরকে সতর্ক করে দিলেন।
"কিন্তু আমরা কেবল ঈশ্বরের বাক্যর বাধ্য হই।"

---


110Page

যদিও পিতর শিক্ষিত ছিলেন না, তবুও ঈশ্বরের প্রজ্ঞার পরিচালনায় তিনি যৌক্তিক ও শান্তভাবে লোকদের সামনে কথা বলছিলেন। পুরোহিতেরা ও শাসকেরা, প্রাচীনেরা ও ধর্ম শিক্ষকেরা হতভম্ব হয়ে গেল। পিতর ও যোহনকে তাদের আর কিছুই বলার ছিল না।

---


111Page

যেসকল লোকেরা পঙ্গু লোকটিকে সুস্থ হতে দেখেছিলেন তারা সকলেই ঈশ্বরের প্রশংসা করলেন। তারপরে, যেখানে পিতর গিয়েছিলেন সেখানে যীশুর কথা প্রচার করেছিলেন।